# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭

# খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

## সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

**১. 'ঈশ্বর অনাদি অনন্ত' এ কথাটি যেভাবে বোঝা যায়–**
(ক) বিশপের কথা শুনে (খ) উচ্চশিক্ষা লাভ করে
(গ) উপলব্ধি করার মাধ্যমে (ঘ) বড়দের অনুসরণ করে

**২. আমাদের কাজগুলো আমরা যে শক্তির মাধ্যমে সম্পন্ন করি–**
(ক) নিজের শক্তিতে (খ) ঈশ্বরের শক্তিতে
(গ) অন্যের শক্তিতে (ঘ) আত্মার শক্তিতে

**৩. 'আমার একটি স্বপ্ন আছে' কথাটি মার্টিন লুথার কিং কেন বলেছিলেন?**
(ক) দেশের উন্নয়ন করতে (খ) কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে
(গ) কালোদের প্রাধান্য দিতে (ঘ) পরস্পরকে সমান মর্যাদা দিতে

**৪. পবিত্র ত্রিত্ব পরস্পরকে ভালোবাসে কারণ, তারা–**
(ক) পরস্পরের প্রতি বিশ্বাসী (খ) পরস্পরকে জানেন
(গ) পরস্পর অদৃশ্য (ঘ) পরস্পর অভিন্ন

**৫. কীভাবে শান্তি ও একতা প্রতিষ্ঠা করা যায়?**
(ক) পরস্পরকে সম্মান করার মাধ্যমে (খ) নিজ অধিকার প্রতিষ্ঠা করে
(গ) উপদেশ প্রদান করে (ঘ) জ্ঞান চর্চার মাধ্যমে

**৬. কায়িন আবেলকে মাঠে নিয়ে হত্যা করল কেন?**
(ক) বাড়িতে সুযোগের অভাব ছিল (খ) বাড়ির লোকজন দেখে ফেলতো
(গ) মাঠে সুযোগ বেশি ছিল (ঘ) অপরাধ গোপন রাখতে

**৭. ঈশ্বর প্রবক্তা নাথানকে দাউদের নিকট পাঠালেন কেন?**
(ক) দাউদকে সতর্ক করতে (খ) দাউদকে শাস্তি দিতে
(গ) তার ক্ষমতা বোঝাতে (ঘ) দাউদ সম্পর্কে জানতে

**৮. ঈশ্বরের সাথে যুক্ত থাকার উত্তম উপায়–**
(ক) ধর্মীয় জ্ঞান অর্জন করা (খ) খ্রিষ্ট প্রসাদ গ্রহণ করা
(গ) হিংসা পরিহার করা (ঘ) সত্য জীবনযাপন করা

**৯. যীশু খ্রিষ্ট পৃথিবীতে এসেছিলেন, মানুষকে–**
(ক) ধার্মিক বানাতে (খ) পরিত্রাণ করতে
(গ) উপকৃত করতে (ঘ) ভালোবাসা দিতে

**১০. মানুষের আত্মা পাপের কলুষতা থেকে মুক্তি পেতে চায় যে কারণে–**
(ক) সুখ লাভ (খ) শান্তি লাভ (গ) খ্যাতি অর্জন (ঘ) পরিশুদ্ধতা অর্জন

**১১. নিজের কোন কাজটির মাধ্যমে তুমি স্বর্গে যাওয়ার যোগ্য হতে পারবে?**
(ক) পরিষ্কার-পরিচ্ছন্নভাবে চলে (খ) পবিত্র আত্মার অনুসরণ করে
(গ) অপরের উপকার করে (ঘ) মানুষকে ভালোবেসে

https://teachingbd24.com

১২. কোন ধরনের মানুষ মুক্তিদাতাকে বিশ্বাস করে না?
(ক) যাদের ধর্মীয় জ্ঞানের অভাব
(খ) যারা পাপের মধ্যেই নিমজ্জিত
(গ) যারা ধর্মের প্রতি উদাসীন
(ঘ) যাদের আত্মা কলুষিত

১৩. ঈশ্বর মানুষকে পাপের দাসত্ব থেকে মুক্ত করলেন কেন?
(ক) ঈশ্বর মানুষকে ভালোবাসেন
(খ) মানুষ ঈশ্বরকে ভালোবাসে
(গ) ঈশ্বরের ক্ষমতা প্রকাশের জন্য
(ঘ) মানুষ ঈশ্বরের সৃষ্টি বলে

১৪. গেৎসীমানী বাগানে যীশুর মর্মপীড়ার কারণ ছিল—
(ক) তার শিষ্য সংখ্যা ছিল অল্প
(খ) শিষ্যদের মানবীয় দুর্বলতা
(গ) ঈশ্বর রাগান্বিত হয়েছিলেন
(ঘ) বিরোধিতাকারীদের শক্তি-সামর্থ্য

১৫. নয়েমী বেথলেহেমে ফিরে যাওয়ার সিদ্ধান্ত নিলেন কেন?
(ক) মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ার
(খ) শারীরিক অবস্থার অবনতি
(গ) দুই সন্তানের মৃত্যুতে দিশেহারা হয়ে
(ঘ) বেথলেহেমের প্রতি ভালোবাসা

১৬. আমরা পরিবারের প্রতি শ্রদ্ধাশীল থাকব কেন?
(ক) বিশ্বস্ততা প্রকাশের জন্য
(খ) প্রশংসা পাওয়ার জন্য
(গ) তাদের প্রিয় হওয়ার জন্য
(ঘ) বাবা-মাকে খুশি করার জন্য

১৭. দীর্ঘ কারাভোগের পরও নেলসন ম্যান্ডেলা রাজনীতি ছেড়ে দেননি, কারণ—
(ক) স্মরণীয় হয়ে থাকতে
(খ) ক্ষমতা লাভের আকাঙ্ক্ষা
(গ) বঞ্চিতদের অধিকার প্রতিষ্ঠা করতে
(ঘ) জনগণের সংগ্রাম অব্যাহত রাখতে

১৮. সমুদ্রগামী মৎস্যজীবীদের সবসময় রেডিওতে আবহাওয়ার সংবাদ শুনা প্রয়োজন কেন?
(ক) দেশ সম্পর্কে জানতে
(খ) আবহাওয়ার পূর্বাভাস পেতে
(গ) তাদের পরিবারের সংবাদ জানতে
(ঘ) ঘূর্ণিঝড়ে হতাহতদের সম্পর্কে জানতে

১৯. বিশ্বে মানবাধিকার লঙ্ঘনের কীরূপ প্রভাব দেখতে পাও?
(ক) খরা ও বন্যা
(খ) যুদ্ধ ও ধ্বংস
(গ) দারিদ্র্য ও ক্ষুধা
(ঘ) মাদকাসক্তি ও অশিক্ষা

২০. নারী শিক্ষা, নেতৃত্ব ও ক্ষমতায়ন জরুরি কেন?
(ক) নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য
(খ) সমাজে শান্তি আনয়নের জন্য
(গ) মণ্ডলীর উদ্দেশ্য বাস্তবায়নের জন্য
(ঘ) ঈশ্বরের নির্দেশ পালনের জন্য

২১. তুমি কেন শিক্ষাগ্রহণ করবে?
(ক) ভালো চাকরি পাওয়ার জন্য
(খ) সুনাগারিক হওয়ার জন্য
(গ) ধনী হওয়ার জন্য
(ঘ) শিক্ষিত লোককে সবাই সম্মান করে

২২. ঘূর্ণিঝড়ের পর পুকুরের পানিতে গোসল করা উচিত নয়, কারণ—
(ক) পানি বেড়ে যায়
(খ) পানি দূষিত থাকে
(গ) পানিতে আর্সেনিক বেড়ে যায়
(ঘ) পানিতে লবণাক্ততা বেড়ে যায়

২৩. পারিবারিক দুঃসময়ে আমাদের কী করা উচিত?
(ক) পিতামাতার উপর ভরসা রাখা
(খ) ঈশ্বরের উপর ভরসা রাখা
(গ) যীশুর সাহায্য কামনা করা
(ঘ) মণ্ডলীর সাহায্য চাওয়া

২৪. মণ্ডলীর অনুকরণে প্রাতিষ্ঠানিক শিক্ষা বঞ্চিত যুবক-যুবতিদের জন্য বিশেষ শিক্ষা প্রয়োজন, এর মূল কারণ—
(ক) আর্থিকভাবে স্বাবলম্বী করার জন্য
(খ) শিক্ষিত করে তোলার জন্য
(গ) শিক্ষা বাধ্যতামূলক তাই
(ঘ) এটি একটি সেবা কাজ

Teachingbd24.com

**২৫. তুমি কীভাবে শ্রেণিতে প্রথম হতে পারবে?**
(ক) নিজের মেধাকে কাজে লাগিয়ে (খ) বাবা-মায়ের কথামতো চলে
(গ) শিক্ষকের কথামতো চলে (ঘ) সহপাঠীর সহায়তা নিয়ে

**২৬. টিভিতে কার্টুন দেখার সময় কোনো মেহমান আসলে তুমি যা করবে–**
(ক) তাদের সাথে নিয়ে টিভি দেখবে (খ) টিভির শব্দ কমিয়ে দেবে
(গ) টিভি বন্ধ করে তাদের সময় দেবে (ঘ) চুপচাপ টিভি দেখতে থাকবে

**২৭. সবার সামনে কেউ ভুল করলে তুমি কী করবে?**
(ক) কিছু বলবে না (খ) সবার সামনে সমালোচনা করবে
(গ) ভুল ধরিয়ে দেবে (ঘ) একান্তে ভুল ধরিয়ে দেবে

**২৮. পথে চলতে গিয়ে কারো সাথে ধাক্কা লাগলে তুমি কী করবে?**
(ক) পাশ কাটিয়ে চলে যাবে (খ) তার কাছে ক্ষমা চাইবে
(গ) দৌড়ে পালিয়ে যাবে (ঘ) মনে কষ্ট পাবে

**২৯. নিচের কোন কাজটির মাধ্যমে তুমি প্রবক্তার ভূমিকা পালন করতে পার?**
(ক) নির্ভয়ে সত্য কথা বলে (খ) অন্যের বিপদে পাশে থেকে
(গ) বয়স্কদের প্রতি সদয় হয়ে (ঘ) অন্যদের খুশি করে

**৩০. পাপ থেকে পরিত্রাণের জন্য তুমি কী করবে?**
(ক) নিজের বিবেক বুদ্ধিতে চলবে (খ) ধর্মীয় গুরুদের অনুসরণ করবে
(গ) ঈশ্বরের নির্দেশ মেনে চলবে (ঘ) ঈশ্বরের ধ্যান করবে

**৩১. তোমার বন্ধু একটি পাখি ধরে খাঁচার রেখেছে, তুমি কী করবে?**
(ক) পাখিটিকে ছেড়ে দিতে বলবে (খ) পাখিটিকে খাবার দিতে বলবে
(গ) কোনো কিছু করবে না (ঘ) পাখিটি নিয়ে খেলা করবে

**৩২. জীবনে সফলতা অর্জনের জন্য তুমি কী করবে?**
(ক) অধিক অর্থ উপার্জনের চেষ্টা করবে (খ) বাইবেলের নির্দেশিত পথে চলবে
(গ) শিক্ষকের উপদেশ মেনে চলবে (ঘ) মা-বাবার উপদেশ মেনে চলবে

**৩৩. বাবা তোমার বোনের অমতে তার বিয়ে দিতে যাচ্ছে, এক্ষেত্রে তুমি যা করবে–**
(ক) আনন্দ-উৎসবে মেতে উঠবে (খ) দাওয়াতপত্র বিলি করবে
(গ) বাবাকে তার মতামত নিতে বলবে (ঘ) বয়স্ক অভিভাবকদের জানাবে

**৩৪. বৃক্ষরোপণ সপ্তাহ চলাকালে তুমি কোন কাজটিকে গুরুত্ব দেবে?**
(ক) গাছের যত্ন নেবে (খ) গাছ লাগাবে
(গ) র‍্যালিতে অংশ নেবে (ঘ) বৃক্ষমেলায় যাবে

**৩৫. নেলসন ম্যান্ডেলার জীবনাদর্শ অনুসরণে তুমি নিচের কোন কাজটি প্রাধান্য দেবে?**
(ক) বিরোধ মীমাংসা করবে (খ) অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম করবে
(গ) সময় মেনে চলবে (ঘ) সংগঠন প্রতিষ্ঠা করবে

**৩৬. তোমার পরিবার আর্থিক অনটনে পড়েছে। এ অবস্থায় তুমি পরিবারের প্রতি কীরূপ দায়িত্ব পালন করবে?**
(ক) পড়ালেখার ফাঁকে পরিবারকে সাহায্য করবে
(খ) লেখাপড়া ছেড়ে কাজে যোগ দেবে
(গ) প্রতিবেশীর নিকট সাহায্য চাইবে
(ঘ) আত্মীয়দের সাহায্য চাইবে

Teachingbd24.com

৩৭. বড় হয়ে তুমি একজন চিকিৎসক হলে মানবতার সেবা হিসেবে তোমার এলাকায় তুমি কী করবে?
(ক) বিত্তবানদের চিকিৎসা দেবে (খ) ফি-এর বিনিময়ে চিকিৎসা দেবে
(গ) গরিবদের বিনামূল্যে চিকিৎসা দেবে (ঘ) নিজ আত্মীয়দের চিকিৎসা দেবে

৩৮. বিপথগামী বন্ধুকে ভালো পথে আনতে তুমি কী করতে পার?
(ক) পুলিশের সহায়তা নেবে (খ) শিক্ষকের সহায়তা নেবে
(গ) তার সাথে যোগাযোগ করবে (ঘ) তাকে কাজের পরিণতি অবগত করবে

৩৯. শ্রেণিতে তোমার সহপাঠী কিছু বলতে চায়। শ্রেণি নেতা হিসেবে তুমি কী করবে?
(ক) নিজে সবার আগে বলবে (খ) তাকে বলার সুযোগ দেবে
(গ) অন্যকে বলতে দেবে (ঘ) শিক্ষকের দৃষ্টি আকর্ষণ করবে

৪০. তুমি ক্লাসে প্রথম হয়েছো, তাই তোমার একজন সহপাঠী তোমার সাথে কথা বলে না, এখন তুমি কী করবে?
(ক) নিজে কথা বলার জন্য এগিয়ে যাবে (খ) পড়াশুনায় মনোযোগী হতে বলবে
(গ) তুমিও কথা বলবে না (ঘ) শিক্ষককে জানাবে

৪১. আবেল নৈবেদ্য হিসেবে কী উৎসর্গ করল?
(ক) গরু (খ) মেষশাবক (গ) খেতের ফসল (ঘ) ফলমূল

৪২. দেশকে স্বাধীন করার জন্য মহাত্মা গান্ধী কী করেছিলেন?
(ক) সংগ্রাম (খ) যুদ্ধ (গ) হিংসা (ঘ) মারামারি

৪৩. কে যীশুকে ক্রুশ থেকে নামিয়েছিলেন?
(ক) পিতর (খ) মাগদালার মারীয়া
(গ) আরিমাথিয়ার যোসেফ (ঘ) যাকোব

৪৪. এলিমেলেখ এবং নয়েমীর কয়জন ছেলে ছিল?
(ক) একজন (খ) দুইজন (গ) তিনজন (ঘ) চারজন

৪৫. সেবা কাজের ফলে কী হয়?
(ক) মণ্ডলী জীবন্ত থাকে (খ) ভক্তগণ সেবা পায়
(গ) দেশের উন্নতি হয় (ঘ) যীশু খুশি হন

৪৬. নিচের কোনটি পিতামাতার প্রতি সন্তান সুলভ কর্তব্য?
(ক) তাঁদের সম্পত্তি রক্ষা করা (খ) সবসময় তাঁদের সঙ্গে থাকা
(গ) তাঁদের বাধ্য থাকা (ঘ) তাঁদের বৃদ্ধাশ্রমে রাখা

৪৭. কাদের জন্য মণ্ডলী রোগীলেপন সাক্রামেন্তের ব্যবস্থা করেছেন?
(ক) সবার জন্য (খ) শিশুদের জন্য (গ) রোগীদের জন্য (ঘ) বয়স্কদের জন্য

৪৮. নিম্নতর স্বভাব আমাদের কোন দিকে পরিচালিত করে?
(ক) পাপের পথে (খ) স্বর্গের পথে (গ) জীবনের পথে (ঘ) সঠিক পথে

৪৯. মানুষের মৌলিক ও জন্মগত আহ্বান কী?
(ক) ভালোবাসা (খ) হিংসা (গ) ঘৃণা (ঘ) রাগ

৫০. কে মানুষের মন পরিবর্তনের অনুপ্রেরণা দেন?
(ক) রাজা (খ) প্রজা (গ) প্রবক্তা (ঘ) সেনাপতি

Teachingbd24.com

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১ × ১৫ = ১৫

(ক) আমরা ঈশ্বরের প্রশংসাকীর্তন করবো কেন তার একটি কারণ লেখ।

(খ) মন পবিত্র রাখতে তুমি কী করবে তার দুটি বাক্য লেখ।

(গ) কায়িনের নৈবেদ্য ঈশ্বরের নিকট কেন গ্রহণযোগ্য ছিল না?

(ঘ) আমরা কেন দশ আজ্ঞা মেনে চলব?

(ঙ) স্বর্গের পথ দেখাতে আমাদের মাঝে কে এসেছিলেন?

(চ) যীশু সকল মানুষের মুক্তিদাতা কেন?

(ছ) তুমি বিদ্যালয়ে করতে পার এমন একটি করণীয় লেখ যার দ্বারা ঈশ্বরের সান্নিধ্যে থাকা হবে।

(জ) সহপাঠীকে মর্যাদা ও গুরুত্ব দিতে তোমার একটি করণীয় লেখ।

(ঝ) অন্যের সম্পদ আত্মসাৎ করা থেকে বিরত থাকতে তুমি করবে এমন একটি কাজের উল্লেখ কর।

(ঞ) দুর্ঘটনায় আহত বন্ধুর জন্য তুমি কী করবে?

(ট) কত টাকার বিনিময়ে যুদাস যীশুকে শত্রুর হাতে ধরিয়ে দিয়েছিল?

(ঠ) মথি লিখিত মঙ্গল সমাচারে মানুষকে কীসের সাথে তুলনা করা হয়েছে?

(ড) নেলসন ম্যান্ডেলা কোন শহরে জন্মগ্রহণ করেন?

(ঢ) স্বর্গারোহণের আগে যীশু শিষ্যদের কী প্রতিশ্রুতি দিয়েছিলেন?

(ণ) উরিয়ার স্ত্রীর নাম কী?

৩। (ক) থেকে (জ) পর্যন্ত যেকোনো ছয়টি এবং (ঝ) এবং (ঞ) থেকে একটিসহ মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ : ৫ × ৭ = ৩৫

(ক) ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন কেন? ঈশ্বরের এমন একটি কাজের নাম লেখ যাতে তার শ্রেষ্ঠত্বের প্রমাণ রয়েছে। ঈশ্বরের প্রতি শ্রদ্ধাশীল হতে তোমার তিনটি করণীয় লেখ। ১+১+৩=৫

(খ) মার্টিন লুথার কিং কেন অহিংস আন্দোলন করেছিলেন তার যেকোনো দুইটি কারণ লেখ। পরিবারের পরস্পরের মর্যাদা ও গুরুত্ব প্রদানে তুমি করবে এমন তিনটি করণীয় লেখ। ২+৩=৫

(গ) 'চল মাঠে একটু বেড়িয়ে আসি'— একথা কে বলেছিলেন? কায়িনের মনোভাব একবাক্যে লেখ। কায়িন ও আবেলের মনোভাবের তিনটি পার্থক্য লেখ। ১+১+৩=৫

(ঘ) ৬ষ্ঠ আজ্ঞাটি লেখ। নরহত্যা নিষিদ্ধ কেন তা একবাক্যে লেখ। সামাজিক অবক্ষয় রোধে তোমার তিনটি করণীয় লেখ। ১+১+৩=৫

(ঙ) রুথের স্বামী কিলিয়োন কোন দেশের নাগরিক ছিলেন? রুথ বোয়াজকে বিয়ে করলেন কেন? ঈশ্বরের প্রতি বিশ্বাসে অটল থাকার তিনটি উপায় লেখ। ১+১+৩=৫

(চ) নেলসন ম্যান্ডেলার সংগ্রামী জীবনের সপক্ষে দুইটি যুক্তি দেখাও। একজন আদর্শ নেতার কোন তিনটি গুণ নিজের জীবনে মেনে চলতে পার উল্লেখ কর। ২+৩=৫

(ছ) ঘূর্ণিঝড় সাধারণত কোন অঞ্চলে হয়? ঘূর্ণিঝড়ের আঘাত নিশ্চিত মনে হলে প্রথমেই কী করা উচিত? ঘূর্ণিঝড়ের সময় তোমার তিনটি করণীয় লেখ। ১+১+৩=৫

(জ) মানবাধিকার কী? মানবাধিকার লঙ্ঘিত হলে কী হয় তা একবাক্যে লেখ। মানবাধিকার চর্চা করতে পার এমন তিনটি কাজ লেখ। ১+১+৩=৫

(ঝ) মুক্তিলাভের ফলে আমাদের জীবনে কী হয় তা পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঞ) শিক্ষাসেবা ক্ষেত্রে খ্রিষ্ট মণ্ডলীর অবদান কতটুকু তা পাঁচটি বাক্যে লেখ। ৫

https://teachingbd24.com